

= সোয়াদ | □□d | —

আয়াতঃ ৩৮: ৭৩

💵 আরবি মূল আয়াত:

فَسَجَدَ المَلَئِكَةُ كُلُّهُم اَجِمَعُونَ ﴿٧٣﴾

ফলে ফেরেশতাগণ সকলেই সিজদাবনত হল। — আল-বায়ান

তখন ফেরেশতারা সবাই সেজদা করল। — তাইসিরুল

তখন মালাইকা/ফেরেশতারা সবাই সাজদাহবনত হল – মুজিবুর রহমান

So the angels prostrated - all of them entirely. — Sahih International

৭৩. তখন ফেরেশতারা সকলেই সিজদাবনত হল—

তাফসীরে জাকারিয়া

(৭৩) তখন ফিরিশতারা সকলেই সিজদা করল--[1]

[1] এটা মানুষের জন্য দ্বিতীয় সম্মান যে, তাকে পূত-পবিত্র ফিরিশতাগণও সম্মানের জন্য সিজদা করেছেন। كُلُّهُمْ দ্বারা বুঝা যাচ্ছে যে, কোন একজন ফিরিশতাও সিজদা করতে বাদ যাননি। তার পর أَجْمَعُوْنَ বলে পরিষ্কার করে দিলেন যে, সকলে একই সময়ে সিজদা করেছিলেন, বিভিন্ন সময়ে নয়। কেউ কেউ বলেন, এখানে তাকীদের উপর তাকীদের শব্দ ব্যবহার করে ব্যাপকতার সর্বশেষ পর্যায় বর্ণনা করা হয়েছে। (ফাতহুল ক্বাদীর)

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4043

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন